যুগান্তর

07 MAR 2017
১৭ ... ৪

## চাঁদপুর-জামালপুরে মানব সেতুতে হাঁটা

# চার শিক্ষকের বেতন-ভাতা বন্ধ

**যুগান্তর রিপোর্ট**

চাঁদপুর ও জামালপুরে শিক্ষার্থীদের তৈরি মানব সেতুর ওপর দিয়ে হাঁটার ঘটনায় দুই স্কুলের চার শিক্ষকের বেতন-ভাতা (এমপিও) সাময়িক বন্ধ করা হয়েছে। একই সঙ্গে স্থায়ীভাবে কেন বেতন-ভাতা বন্ধ করা হবে না সে মর্মে কারণ দর্শাও নোটিশ দেয়া হয়েছে। পাশাপাশি এ দুটি প্রতিষ্ঠানের সভাপতির বিরুদ্ধে ব্যবস্থা নিতে ঢাকা ও কুমিল্লা শিক্ষা বোর্ডকে নির্দেশ দেয়া হয়। সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব সালমা জাহান স্বাক্ষরিত পৃথক আদেশে উল্লিখিত ব্যবস্থার কথা জানানো হয়। এতে বলা হয়, চাঁদপুরের হাইমচরের ওছমানিয়া উচ্চ বিদ্যালয় এবং জামালপুরের মেলান্দহের মাহমুদপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের দ্বারা মানব সেতু নির্মাণ ও সেতুর ওপর দিয়ে যথাক্রমে চাঁদপুরে উপজেলা চেয়ারম্যান নূর হোসেন ও জামালপুরে দাতা সদস্য দিলদার হোসেন প্রিন্সের হেঁটে যাওয়ার অমানবিক ঘটনা প্রমাণিত হয়েছে। আদেশ অনুযায়ী চাঁদপুরের হাইমচরের ওছমানিয়া উচ্চবিদ্যালয় এবং জামালপুরের মেলান্দহের মাহমুদপুর বহুমুখী উচ্চ বিদ্যালয়ের দুই প্রধান শিক্ষক এবং দুই শরীর চর্চা শিক্ষকের এমপিও সাময়িক বন্ধ থাকবে। ৩০ জানুয়ারি চাঁদুপরের উল্লিখিত স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ছিল। সেখানে মানব সেতুতে হাঁটার ঘটনা ঘটে। এর আগে জামালপুরে একই ধরনের অনুষ্ঠানে ছাত্রদের পিঠের ওপর দিয়ে হাঁটার ঘটনা ঘটেছে।